

তারিখ:
 পৃষ্ঠা: ৭ কলাম: ৪

মাদ্রাসার জন্য স্বতন্ত্র এফিলিয়েটিং ভার্টিসি স্থাপন করা হবে

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, দেশের মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী করতে সরকার মাদ্রাসার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের মতো একটি এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় স্থাপন করবে। মাদ্রাসার পাঠ্যপুস্তক পরিবর্তন ও পরিমার্জনের কাজ চলছে। এছাড়াও মাদ্রাসাগুলোয় এ বছর থেকে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হচ্ছে। সমাজকল্যাণমন্ত্রী বলেছেন, দেশের বিভিন্ন স্থানে পাড়া-মহল্লা গড়ে ওঠা ক্লাব ও সমাজসেবা নামধারী সংগঠনগুলো অপরাধ ও সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে। রবিবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তাঁরা এসব তথ্য উপস্থাপন করেন। ড. ওসমান ফারুক জানান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পদ্ধতি সংস্কার করে আধুনিকীকরণ ও যুগোপযোগী করতে সরকার একাধিক ব্যবস্থা গ্রহণের বিষয়টি বিবেচনা করছে। এগুলো হলো-বর্তমানে প্রচলিত ও অনুসৃত সিলেবাস ও পাঠ্যক্রমের পরিবর্তন ও সংস্কার; সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ; বর্তমান স্নেডিং পদ্ধতির সংস্কার; প্রশ্নপত্র প্রণয়নে গতানুগতিক ধারার পরিবর্তে যুগোপযোগী ধারার প্রবর্তন; বছরে একাধিকবার পাবলিক পরীক্ষা গ্রহণ; যেভাবে 'এ' লেভেল এবং 'ও' লেভেলে পরীক্ষা নেয়া হয় এবং প্রতিটি স্কোলা ও উপজেলায় একটি করে বড় মিলনায়তন নির্মাণ, যা পরীক্ষার সময় পরীক্ষার কাজে ব্যবহৃত হবে।